৬৭

দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ২ কলাম ৭

## আনন্দমোহন কলেজে তদন্ত কমিটির সাক্ষ্য গ্রহণ শুরু

ময়মনসিংহ (উত্তর) সংবাদদাতা ॥ আনন্দ মোহন কলেজে সম্প্রতি সংঘটিত সন্ত্রাসী কার্যক্রমের প্রেক্ষাপট ও সন্ত্রাসীদের চিহ্নিত করিবার জন্য প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট মোঃ শামসুল আলমকে আহ্বায়ক করিয়া ৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হইয়াছে। এই তদন্ত কমিটি আজ (বৃহস্পতিবার) হইতে ২৭শে জুলাই পর্যন্ত কলেজের অধ্যক্ষের কার্যালয় সংলগ্ন একটি কক্ষে সাক্ষ্য গ্রহণ করিবে। অন্যদিকে কলেজ ছাত্রাবাসের ছাত্রদের গত মঙ্গলবারের বিক্ষোভের সময় প্রশাসন কর্তৃক সন্ত্রাসীদের গ্রেফতার প্রতিশ্রুতির পরও সন্ত্রাসী গ্রেফতার না হওয়ায় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করিতেছে।